

2013

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। নির্দেশ অনুসারে অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

- (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে নবকুমারের পত্নীর নাম কী ?
- (খ) কলকাতার কোন্ অঞ্চলে 'জ্ঞানতরঙ্গিনী সভা'র মিটিং অনুষ্ঠিত হত ?
- (গ) "ও ঠাকুরঝি, তাস জোড়াটা ভাই, নুকোও, ঠাকুরগ দেখতে পেলে আর রক্ষা থাকবে না।" এখানে 'ঠাকুরঝি' বলতে কাকে বোঝানো হয়েছে ?
- (ঘ) "ও বলাইবাবু, তুমি কেমন সাকী হে?" 'সাকী' শব্দের অর্থ কী ?
- (ঙ) "হোয়াট, তুমি আমাকে লাইয়ার বল?" নবকুমার কার কথায় ক্রুদ্ধ হয়ে উঠেছিল ?
- (চ) "একটি বয়েত আছে—তলোয়ারে শত্রুকে জয় করা যায়, কিন্তু সংগীতে শত্রুকে মিত্র করা যায়।" এ কার উক্তি ?
- (ছ) "আপনার রাজ্যের সূচগ্র ভূমিও আমি কখনো শাসন করব না, — আপনার রাজ্যের উত্তরাধিকারী।"

(শূন্যস্থান পূর্ণ করো)

- (জ) প্রতাপাদিত্যের কন্যার নাম কী ?
- (ঝ) “পরম্পরায় শুনা গেল, সেনাপতি মশাইয়ের ঘরে চোর পড়েছিল।” এখানে কোন্ সেনাপতির কথা বলা হয়েছে ?
- (ঞ) যশোহরের রাজমহিষীর পরিচারিকার নাম কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে নবকুমারদের ভৃত্যের প্রকৃত নাম কী ? নবকুমার তাকে কোন্ নামে সম্বোধন করত ?
- (খ) “আমি আমাদের নতুন চেয়ারমেনের হেল্থ দিতে চাই।” ‘জ্ঞানতরঙ্গিনী সভা’র এই ‘নতুন চেয়ারমেন’টি কে ? সভার নতুন চেয়ারমেনের প্রয়োজন হয়েছিল কেন ?
- (গ) রামচন্দ্র রায় কোন্ রাজ্যের রাজা ? প্রতাপাদিত্যের সঙ্গে তাঁর সম্পর্ক কী ?
- (ঘ) “যুবরাজ, আমাকে গোটাকতক মোটা চাদর এনে দাও পাকিয়ে শক্ত করে দক্ষিণের দরজার সঙ্গে বেঁধে নীচে ঝুলিয়ে দিই।” উক্তিটি কার ? সে কেন এধরনের কাজে প্রবৃত্ত হয়েছিল ?
- (ঙ) “মহারাজ, আমাকে মার্জনা করবেন—আমি প্রভুর আদেশ পালন করছি মাত্র, আমার কোনো দোষ নেই।” বক্তা কে ? এখানে ‘মহারাজ’ বলতে কাকে বোঝানো হয়েছে ?

- ৩। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের
উত্তর দাও :

৫×৪=২০

ক—গুচ্ছ

- (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে বাবাজী চরিত্রটির উপযোগিতা বিশ্লেষণ করো।
- (খ) "আচ্ছা বাপু, তবে এসো গে। দেখো, যেন অধিক রাত্রি করো না।" কালীনাথ ও নবকুমার কীভাবে কর্তা মহাশয়ের কাছ থেকে 'জ্ঞানতরঙ্গিনী সভা'র মিটিংয়ে যোগদান করার অনুমতি আদায় করেছিল, তা বর্ণনা করো।
- (গ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে সারজেনের আবির্ভাব কাহিনিতে এক নতুন মাত্রা সংযোজিত করেছে। সারজেন চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) "কাজ শেষ হয়ে গেছে ভুল নেই, তবে আমি সে সময়ে উপস্থিত ছিলাম না। আমার ভাই হোসেন খাঁর উপর ভার আছে, সে খুব হুঁশিয়ার।" এখানে কোন্ কাজের কথা বলা হয়েছে? কাজটি কীভাবে সম্পন্ন করার পরিকল্পনা করা হয়েছিল?
- (খ) উদয়াদিত্যকে কেন কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছিল? তাঁকে কারাগার থেকে কে উদ্ধার করেছিলেন, এবং কীভাবে?
- (গ) "সেই বেটাই যত নষ্টের গোড়া। ধর্মের ভেক ধরে সেই তো যত প্রজাকে নাচিয়ে তোলে। সেই তো প্রজাদের পরামর্শ দিয়ে খাজনা বন্ধ করিয়েছে।" এখানে কার কথা বলা হয়েছে? মাধবপুরের প্রজারা খাজনা বন্ধ করেছিল কেন?

৪। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের

উত্তর দাও :

১০×৪=৪০

ক—গুচ্ছ

- (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনের নবকুমার চরিত্রটি বিশ্লেষণ করো।
- (খ) " 'একেই কি বলে সভ্যতা' মাত্র একদিনের ঘটনা লইয়া লিখিত হইয়াছে।" সমালোচকের এই মন্তব্যের সার্থকতা বিচার করো।
- (গ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে 'ইয়ং বেঙ্গল' সমাজের ছায়াপাত কীভাবে ফুটে উঠেছে, তা ব্যক্ত করো।
- (ঘ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনের নারী চরিত্রগুলোর উপস্থাপনে মাইকেল মধুসূদন দত্তের পারদর্শিতা বিচার করো।

খ—গুচ্ছ

- (ক) "এ বাড়িতে এসে সেই সোনার লক্ষ্মী এই আজ প্রথম আরাম পেল।" এখানে 'সোনার লক্ষ্মী' বলতে কার কথা বলা হয়েছে? তাঁর 'প্রথম আরাম' লাভের প্রকৃত বৃত্তান্তটি প্রকাশ করো।
- (খ) 'প্রায়শ্চিত্ত' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।
- (গ) 'প্রায়শ্চিত্ত' নাটকের প্রতাপাদিত্য চরিত্রটিকে বিশ্লেষণ করো।
- (ঘ) "দাদা, আমি আজ মুক্তি পেয়েছি। এখন তোমার চরণ সেবা করে আমার জীবন আনন্দে কাটবে।" 'প্রায়শ্চিত্ত' নাটকে রাজনৈতিক কর্মকাণ্ডের অন্তরালে ভাগ্য বিড়ম্বিত এক ডাই-বোনের যে জীবন-কাহিনি ব্যক্ত হয়েছে, তার একটি রূপরেখা প্রস্তুত করো।
